



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে ‘জাতীয় শুদ্ধাচার কোশল’ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) কর্মচারীদের অংশগ্রহণে ‘জাতীয় শুদ্ধাচার কোশল: নোবিপ্রবি সার্বিক ব্যবস্থাপনা উন্নয়ন ও অংশীদারিত্ব’ শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (২২ নভেম্বর ২০২৩) বিশ্ববিদ্যালয়ের বীর মুক্তিযোদ্ধা হাজী মোহাম্মদ ইন্দ্রিস অডিটোরিয়ামে ইনসিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সেমিনার কক্ষে এ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। আইকিউএসি আয়োজিত প্রশিক্ষণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। নোবিপ্রবি আইকিউএসি এর পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, আইআইটি পরিচালক ও এপিএ টিম লিডার অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম হোসেন, আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. ফিরোজ আহমেদ, শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. বিপ্লব মল্লিক, আইআইএস পরিচালক অধ্যাপক ড. মোঃ আনিসুজ্জামান, ডেপুটি রেজিস্ট্রার ড. মোহাম্মদ আলমগীর সরকার ও উপ-পরিচালক (হিসাব) জনাব মোঃ সাখাওয়াত হেসেন। প্রশিক্ষণ অনুষ্ঠানের সঞ্চালনায় ছিলেন আইকিউএসি’র অতিরিক্ত পরিচালক জনাব মোঃ মুহাইমিনুল ইসলাম সেলিম।

অনুষ্ঠানে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, ‘জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে উন্নয়নের মহাসড়কে এগিয়ে যাচ্ছে বাংলাদেশ। এই অগ্রযাত্রায় নোবিপ্রবি উন্নয়নের অংশীদার হিসেবে ভূমিকা রাখবে। আজকের এই প্রশিক্ষণ কর্মচারীদের আরো বেশি দক্ষ করে গড়ে তুলবে বলে আমি মনে করি। বাংলাদেশ সরকার কিন্তু শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের এমনিতে শুরু করেনি। দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সরকার শুদ্ধাচার বিষয়টিকে গুরুত্বের সাথে দেখছে। সবাইকে অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণকারী সবাইকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

বিশেষ অতিথির বক্তব্যের শুরুতেই প্রশিক্ষণার্থীদের শুভেচ্ছা জানান নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। এ সময় তিনি বলেন, ‘সত্য কথা বলা, সদাচার এই বিষয়গুলো আমরা ছোট বেলা থেকেই শুনে আসছি। চাকুরী ক্ষেত্রে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণের কোন বিকল্প নেই। এর মাধ্যমে কাজের গতি বৃদ্ধি পাবে। আপনারা আপনাদের কাজে সততার পরিচয় দিবেন এই আশাবাদ ব্যক্ত করছি। সকলকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।’

প্রশিক্ষণ অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, ইনসিটিউট, বিভাগ, দপ্তর ও আবাসিক হলের ৭০ জন কর্মচারী অংশ নেন।

R. K. Md. J.

রায়হান কায়সার হাশেম
সহকারী রেজিস্ট্রার
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।